# বাংলাদেশ সোসাইটি অফ ফিজিওলজিস্টস

## ৬ষ্ঠ কার্যনির্বাহী সভার কার্যবিবরণী

সভাপতিঃ প্রফেসর ডা: নাসিম জাহান

তারিখ ও সময়ঃ ০৫/০৫/২০২৪ ,৭:৩০ মিঃ

স্থান: অনলাইন জুম মিটিং

সভার শুরুতেই সম্মানিত সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি শোক প্রস্তাব পেশ করেন। প্রফেসর ডা: উম্মে সুলতানা নাঈমা এর পরলোকগত স্বামীর আত্মার মাগফিরাত কামনা করে দুআ করতে বলেন এবং ০১ মিনিট নিরবতা পালন করতে বলেন।

তিনি প্রফেসর ডা: শাহ আব্দুল লতিফ স্যারের বাইপাস সার্জারী পরবর্তী দ্রুত আরোগ্যলাভের জন্য সবাইকে দুআ করতে বলেন।

অতঃপর পূর্বে ঘোষিত আলোচনার বিষয় অনুযায়ী আলোচনা অগ্রসর হয়।

| আলোচনার বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১/ নিয়মিত E.C মিটিং এর সময় নির্ধারণ, | ১/ সভায় প্রতি মাসে দুইবার রবিবারে ই.সি মিটিং করার ব্যাপারে বলেন সভাপতি। সদস্যদের সবার মতামত জানতে চান। ডা: রুহানি বুধবারের কথা বলেন। কমিটির সকল সদস্য বুধবারে একমত হন। | ১/ প্রতি মাসের প্রথম বুধবার ও তৃতীয় বুধবার সন্ধ্যা ৭:০০ ঘটিকায় ই.সি মিটিং এর সময় চূড়ান্ত করা হল। |
| ২/বার্ষিক সাধারণ সভা,২০২৪ (AGM-২০২৪) এর তারিখ ও স্থান ঘোষণা, | ২/ প্রফেসর ডা: নাসিম জাহান, প্রফেসর ডা: রোকেয়া বেগম ২০ শে সেপ্টেম্বর, ২০২৪ তারিখে বার্ষিক সাধারণ সভা, (AGM-2024) এর পরিকল্পনা করেন। সকলে সম্মতি প্রকাশ করেন। কক্সবাজার জেলায় | ২/ ডা: সোহেল বক্স কক্সবাজারে AGM-২০২৪ আয়োজন এর ব্যবস্থা করবেন। (সম্ভাব্য তারিখ ২০/০৯/২৪ইং)। |

| | | |
|---|---|---|
| | করতে আগ্রহ দেখান সদস্যগণ। কক্সবাজার মেডিকেল কলেজ এর সহযোগী অধ্যাপক, ডা: সোহেল বক্স অনুষ্ঠান স্থান নির্ধারণ করে জানাবেন বলেন। | |
| ৩/ AGM-২০২৪ এর কন্টেন্ট ও রিসোর্স পারসন সম্বন্ধে আলোচনা, | ৩/ AGM এ সভাপতি ডা: নাসিম জাহান scientific seminar, poster presentation, discussion এর কথা বলেন। ডা: রুহানি CME হতে রিসোর্স পারসন নিয়ে আসার কথা বলেন যিনি নতুন কারিকুলাম এর Assessment অংশটুকু নিয়ে দিকনির্দেশনা দিতে পারবেন। প্রফেসর ডা: হুমায়ুন কবির এর নাম প্রস্তাব করেন সভাপতি। ডা: মিজানুর রহমান এবং ডা: ইফফাত জাহান ও একই মত দেন। | ৩/ AGM- ২০২৪ এ রিসোর্স পারসন হিসেবে প্রফেসর হুমায়ুন কবির স্যার এর সাথে যোগাযোগ করা হবে। |
| ৪/ কারিকুলাম রিভিউ ও রিফর্ম করার ব্যাপারে উদ্যোগ গ্রহণ, | ৪/ প্রফেসর নাঈমা সুলতানা Clinical Physiologist তৈরি করার লক্ষ্যে এম.বি. বি. এস. কারিকুলামের প্র্যাক্টিক্যাল অংশে NCS, EMG, EEG, ইত্যাদি সম্পর্কিত নতুন বিষয় রাখার ব্যাপারে অভিমত ব্যক্ত করেন। সভাপতি এই সংক্রান্ত লিস্ট স্বল্প সময়ের মাঝে তৈরি করতে বলেন যা কারিকুলাম রিফর্ম করতে CME তে পাঠানো যাবে। তিনি আসন্ন | ৪/ক) ক্লিনিক্যাল ফিজিওলজিস্ট তৈরি করার লক্ষ্যে এম. বি. বি. এস. কারিকুলামে প্র্যাক্টিকেল অংশে নতুন সংযোজনের জন্য কারিকুলাম রিভিউ ও পুনর্গঠন করার ব্যাপারে সোসাইটি হতে প্রফেসর ডা: রোকসানা আহমেদের সাথে যোগাযোগ করা হবে।<br><br>৪/খ) কারিকুলামে নতুন কি কি বিষয় সংযোজন করা যায় |

| | | |
|---|---|---|
| | AGM এ এই প্রসঙ্গে আলোচনা রাখার ও প্রস্তাব দেন। ডা: মিজানুর রহমান CME director Anatomy প্রফেসর রোকসানা আহমেদ এর সাথে যোগাযোগের কথা বলেন।<br><br>প্রফেসর নাঈমা সুলতানা প্রফ সহ অন্যান্য ভাইভা প্রশ্নের একাংশ ডায়াগ্রাম বেইসড করে শিক্ষার্থীদের ছবি বোঝার সক্ষমতা যাচাই করার প্রস্তাব করেন । ডা: রুহানি, ডা: ইফফাত এবং ডা: সুমাইয়্যা একমত প্রকাশ করেন। সভাপতি এ সংক্রান্ত প্রেসেন্টেশন আসন্ন AGM এ রাখার ব্যাপারে অভিমত প্রকাশ করেন। ডা: মিজানুর রহমান এ প্রসংগে Workshop এর ব্যবস্থা করার ব্যাপারে প্রস্তাব করেন। | তা লিখিত আকারে দ্রুত সময়ের মাঝে সভাপতি ডা: নাসিম জাহান এর কাছে কমিটির সদস্যদের জমা দিতে হবে। |
| ৫/ SAAP IX Bienniel Conference 2024, Pakistan এ অংশগ্রহণের জন্য আগ্রহী কমিটি মেম্বারদের নাম গ্রহণ ও আগ্রহী ফিজিওলজিস্টদের প্রকাশিত আরটিকেলের এবস্ট্রাকট প্রেরণ প্রসঙ্গে। | ৫/SAAP IX Bienniel Conference 2024 এ রিসার্চ আরটিকেল প্রেসেন্ট করার জন্য BSP সাইন্টিফিক সেক্রেটারি প্রফেসর ডা: শাহানারা ইয়াসমিন এর কাছে সম্মানিত ফিজিওলজিস্টদের আরটিকেল এবস্ট্রাক্ট জমা দেয়ার কথা বলেন সভাপতি।<br><br>সভাপতি উক্ত কনফেরেন্সে সশরীরে উপস্থিত হয়ে বাংলাদেশকে রিপ্রেসেন্ট করার জন্য সদস্যদের মধ্য থেকে | ৫/ক) SAAP IX Bienniel Conference 2024, পাকিস্তান এ আরটিকেল প্রেসেন্ট করার জন্য BSP সাইন্টিফিক সেক্রেটারি প্রফেসর ডা: শাহানারা ইয়াসমিন এর কাছে আর্টিকেল এবস্ট্রাকট জমা দিবেন সম্মানিত ফিজিওলজিস্টগণ।<br><br>৫/খ) SAAP IX Bienniel Conference 2024 এ প্রফেসর ডা: নাজনীন আক্তার |

| | | |
|---|---|---|
| | আগ্রহী ব্যক্তিদের নাম জমা দিতে বলেন।<br><br>এসময়ে হাইব্রিড কনফারেন্স (অনলাইন জুম মিটিং + অফলাইন আয়োজন) এর জন্য সম্মানিত সভাপতি, SAAP এর কাছে সম্মানিত সভাপতি, BSP কে অনুরোধ করার ব্যাপারে বলেন অন্যান্য সদস্যগণ। | সশরীরে উপস্থিত থাকার চেষ্টা করবেন। |
| | | |

অবশেষে সভাপতি ডা: নাসিম জাহান মে মাসের ৩য় বুধবারে ৭ম অনলাইন ই.সি. জুম মিটিং এর ঘোষণা দিয়ে  এবং সবার সুসাস্থ্য কামনা করে মিটিং এর সমাপ্তি করেন।

লিখনে: ডা: সুমাইয়্যা মোহাম্মদ

এসিস্ট্যান্ট প্রফেসর, শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল কলেজ, কিশোরগঞ্জ।

ই.সি মেম্বার,বি.এস.পি,সেশন ২০২৪-২৫।



প্রফেসর নাঈমা সুলতানা
সাধারণ সম্পাদক,
বি.এস.পি. এক্সিকিউটিভ কমিটি,২০২৪-২৫।



প্রফেসর ডা. নাসিম জাহান
সভাপতি,
বি.এস.পি. এক্সিকিউটিভ কমিটি,২০২৪-২০২৫ ।

# Bangladesh Society of Physiologists (BSP)

**Department of Physiology**

**Bangabandhu Sheikh Mujib Medical University**

**Founded on 2006, Email: bangsphysiol@yahoo.com**

**prof.dr.nasimjahan@gmail.com, nayma_sultana@yahoo.com**

**Mobile: +88-01818260145, web: www.the-bsp.org**


*Think Globally and act locally-----*